

কিছু বেসরকারি বিশ্ববিদ্যালয় শর্ত পূরণ করেনি

—শিক্ষামন্ত্রী

নিজস্ব প্রতিবেদক, সাজার •
শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এমপি বলেছেন, বর্তমান সরকার শিক্ষা খাতে মানসম্মত শিক্ষা এবং সব সুযোগ নিশ্চিত করতে চায়। কিছু কিছু বেসরকারি বিশ্ববিদ্যালয় এখনো তাদের ন্যূনতম শর্ত পূরণ করতে পারেনি। এভাবে তারা বেশিদিন চলতে পারবে না। যেসব বেসরকারি বিশ্ববিদ্যালয় সফল হতে পারেনি, বিশ্ববিদ্যালয় পরিচালনার পরিবেশ ও নির্ধারিত শর্ত পূরণ করতে ব্যর্থ হয়েছে, যারা মূনাফার লক্ষ্য নিয়ে চলতে চান, যারা নিজস্ব ক্যাম্পাসে এখনো যাননি, তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

গতকাল সাজারের আশুলিয়ার এশিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশের স্থায়ী ক্যাম্পাসে ষষ্ঠ সমাবর্তন অনুষ্ঠানে রাষ্ট্রপতি আবদুল হামিদের প্রতিনিধি হিসেবে যোগ দিয়ে শিক্ষার্থীদের উদ্দেশে এক বক্তৃতায় মন্ত্রী এ কথা বলেন। অনুষ্ঠানে ১১শ ৬২ জন গ্রাজুয়েটকে সনদ প্রদান করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. মো. আখতারুজ্জামান, এশিয়ান ইউনিভার্সিটির উপাচার্য ড. আবুল হাসান মুহাম্মদ সাদেক, উপ-উপাচার্য ড. এনামুল হক খান, ডেপুটি ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. ফারুক আহমেদ প্রমুখ।

| ব্যানবাইস পরিচালকের কার্যকর | |
|--------------------------------|--|
| প্রাপ্তি নং..... | |
| তারিখ..... | |
| স্বাক্ষর..... | |
| চাকরি..... | |
| চিঠির নং..... | |
| সিনিয়র..... | |
| প্রশাসনিক কর্মকর্তা..... | |
| পি.এ..... | |
| কার্যার্থে/জ্ঞাতার্থে..... | |
| স্বাক্ষর | |